



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং ৪-০৫.৪৬.৩৬০৫.০০০.৩৫.০১৩.২৩-৪৫৩

তারিখ : ০২/০৫/২০২৩ খ্রি.

“উপজেলা ডিজিটাল সেন্টারে চুক্তিভিত্তিক উদ্যোক্তা নিয়োগ বিজ্ঞপ্তি”


স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের বিগত ০৯.০৫.২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪. ২০১৬-৬৩৯ নং স্মারক বর্ণিত উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন নির্দেশিকা-২০১৬ এবং উপজেলা পরিষদ, বাহুবল এর বিগত মার্চ ২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার পরিচালনার জন্য সম্পূর্ণ চুক্তিভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উদ্যোক্তা নিয়োগ করা হবে।

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	নিয়োগ পদ্ধতি
উপজেলা ডিজিটাল সেন্টার উদ্যোক্তা(পুরুষ)	০১ জন	কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সম্পূর্ণ চুক্তিভিত্তিক
উপজেলা ডিজিটাল সেন্টার উদ্যোক্তা(মহিলা)	০১ জন		

শর্তাবলী :

০১. প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাহুবল উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ২১/০৫/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটা সম্বলিত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০২. উপজেলা ডিজিটাল সেন্টার পরিচালনার জন্য কোন প্রকার বেতন ভাতাদি প্রদান করা হবে না। সেবা প্রদানের মাধ্যমে অর্জিত অর্থ থেকে উপজেলা ডিজিটাল সেন্টার পরিচালনার ব্যয় নির্বাহ করতে হবে এবং অতিরিক্ত আয় উদ্যোক্তা প্রাপ্য হবেন।
০৩. মাইক্রোসফট অফিস, ই-মেইল ও ইন্টারনেট ইত্যাদি বিষয়ে ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।
০৪. তথ্য প্রযুক্তিতে আগ্রহী বা দক্ষতা থাকতে হবে।
০৫. স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) মোবাইল নম্বর (ড) ই-মেইল (ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
০৬. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭. প্রার্থীকে আবেদনপত্রের সাথে যে কোন তফসীলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
০৮. প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সহ ১০/-টাকার ডাকটিকেট যুক্ত একটি খাম দাখিল করতে হবে।
০৯. সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. এ নিয়োগ অস্থায়ী ও চুক্তি ভিত্তিক।

আগ্রহী প্রার্থীদের আগামী ২১/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর বরাবরে জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদপত্র, ০৩ কপি ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদ(যদি থাকে) সত্যায়িত কপিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(মুহুরা শরিমিন ফাতেমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, হবিগঞ্জ
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ
৪. ইউপি চেয়ারম্যান.....(সকল) বাহুবল, হবিগঞ্জ